

প্রথম খালো

তারিখ 14 APR 2013
পৃষ্ঠা ৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক লাঞ্ছনাকারীকে বহিষ্কারে পাঁচ দিনের সময়সীমা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে এক শিক্ষককে দাখিলত করার ঘটনায় ছাত্রসমিতির নেতাকে বহিষ্কারসহ তিন দফা দাবিতে প্রশাসনকে পাঁচ দিনের সময়সীমা দিয়েছে শিক্ষক সমিতি। গতকাল শনিবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে শিক্ষক সমিতির জরুরি সাধারণ সভায় শিক্ষকেরা এই সময়সীমা বেধে দেন।

সভায় ৬ এপ্রিল রাতে বিশ্ববিদ্যালয়ের প্রাক্তিক ফটকে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রসমিতির সাধারণ সম্পাদক রাজিব আহমেদের হাতে শিক্ষক নুরুল হক দাখিলত হওয়ার বিষয়ে আলোচনা হয়। সভায় শিক্ষকনেতাদের উপস্থিতি দাবিতলো হলো শিক্ষক ও সিন্ডিকেট সদস্য নুরুল হককে দাখিলত করার ঘটনায় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রসমিতির সাধারণ সম্পাদককে সাময়িক বহিষ্কার, তদন্ত কমিটি পুনর্গঠন ও প্রট্রিয়াল বডি পদত্যাগ। দাবি আদায়ে আগামী বুধসপ্তিমবার পর্যন্ত সময়সীমা বেধে দেওয়া হয়।

শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. পরিফ উদ্দিন-প্রথম অঙ্গেক বলেন, শিক্ষককে দাখিলত করার ঘটনায় উপাচার্য আনোয়ার হোসেন ছাত্রসমিতির নেতা রাজিবকে নিজ ক্ষমতাবলে সাময়িকভাবে বহিষ্কার করার ঘোষণা দেন। কিন্তু পরে তিনি সেটি কার্যকর করেননি।

ছাত্রদের ধর্মঘটের ডাক : বিশ্ববিদ্যালয় ছাত্রদের যুগ্ম সাধারণ সম্পাদক রেজভিল করিমের ওপর হামলাকারীদের বহিষ্কার ও প্রেঙ্কারসহ তিন দফা দাবিতে ১৫ ও ১৬ এপ্রিল ধর্মঘট পালনের ঘোষণা দিয়েছে ছাত্রদল। অন্য দাবিতলো হলো শিক্ষার সুষ্ঠু পরিবেশ ও সহাবস্থান নিশ্চিত করা এবং, হস্তক্ষেপে শিক্ষার্থীদের জীবনমালের নিরাপত্তা দেওয়া।

গতকাল শনিবার বিকেল চারটায় সাজঘরের একটি রেজোরার সংবাদ শব্দেধনে ধর্মঘট পালনের ঘোষণা দেন ছাত্রদের কয়েকজন নেতা। এতে সিদ্ধিত বক্তব্য পাঠ করেন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদের সভাপতি মো. জাকিরুল ইসলাম। এ সময় সহসভাপতি ওবারদুজ্জাহ সাধারণ সম্পাদক আবু সাঈদ তুইয়া প্রমুখ উপস্থিত ছিলেন।